

মোদের কিছু নাই রে নাই, আমরা ঘরে বাইরে গাই—

তাইরে নাইরে নাইরে না । না না না ।

যতই দিবস যায় রে যায় গাই রে সুখে হয় রে হয়—

তাইরে নাইরে নাইরে না । না না না ।

যারা সোনার চোরাবালির 'পরে পাকা ঘরের-ভিত্তি গড়ে

তাদের সামনে মোরা গান গেয়ে যাই— তাইরে নাইরে নাইরে না ।

না না না ॥

যখন থেকে থেকে গাঁঠের পানে গাঁঠকাটার দৃষ্টি হানে

তখন শূন্যবুলি দেখায়ে গাই— তাইরে নাইরে নাইরে না । না না না ॥

যখন দ্বারে আসে মরণবুড়ি মুখে তাহার বাজাই তুড়ি,

তখন তান দিয়ে গান জুড়ি রে ভাই— তাইরে নাইরে নাইরে না । না না না ।

এ যে বসন্তরাজ এসেছে আজ, বাইরে তাহার উজ্জ্বল সাজ,

ওরে, অন্তরে তার বৈরাগী গায়— তাইরে নাইরে নাইরে না । না না না ।

সে যে উৎসবদিন চুকিয়ে দিয়ে, ঝরিয়ে দিয়ে, শুকিয়ে দিয়ে,

দুই রিক্ত হাতে তাল দিয়ে গায়— তাইরে নাইরে নাইরে না ।

না না না ॥

Parjaay: Bichitro, Taal: Dadra, Style: Baul

Visit www.geetabitan.com for notation and other detail